44

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 25 SEP 1998 ...
পৃষ্ঠা ... ২৮ ... কলাম ... ৫ ...

# রাজশাহী বোর্ডে শীর্ষে ক্যাডেট কলেজ ও ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল

রাজশাহী অফিস ॥ গতকাল (বৃহস্পতিবার) প্রকাশিত এইচএসসি ১৯৯৮ সালের পরীক্ষার ফলাফলে রাজশাহী শিক্ষা বোর্ডে মেধা তালিকায় বিভিন্ন ক্যাডেট কলেজ এবং ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজের আধিপত্য লক্ষ্য করা গিয়াছে। মেধা তালিকায় যে আর একটি বিষয় লক্ষ্য করা গিয়াছে তাহা হইল সরকারী কলেজ ছাড়া মফস্বল এলাকায় অবস্থিত কয়েকটি বেসরকারী কলেজের পরীক্ষার্থীদের অবস্থান।

বিজ্ঞান, কৃষি বিজ্ঞান ও গার্হস্থ্য

(১৫শ পৃষ্ঠায় ৮-এর কঃ দ্রঃ)

## রাজশাহী বোর্ড

(শেষ পৃঃ পর)

অর্থনীতি গ্রুপে সম্মিলিত মেধা তালিকায় প্রথম ২০ জনের মধ্যে (২১ জন পরীক্ষার্থী) ১৫ জনই হইল রংপুর, রাজশাহী ও পাবনা ক্যাডেট কলেজ এবং রংপুর ও বগুড়া ক্যান্টনমেন্ট স্কুল ও কলেজের পরীক্ষার্থী। তবে এই গ্রুপে মেধা তালিকার শীর্ষে রহিয়াছে বগুড়া সরকারী আযীযুল হক কলেজ। এই গ্রুপে মাত্র একটি মফস্বলের বেসরকারী কলেজ মেধা তালিকায় অন্তর্ভুক্ত হইয়াছে। মেধা তালিকার সপ্তদশ তালিকায় রহিয়াছে পাবনার সুজানগর কলেজ।

মানবিক, ইসলামিক স্ট্যাডিজ ও সঙ্গীত গ্রুপে সম্মিলিত মেধা তালিকায় প্রথম ২০ জনের মধ্যে (২৬ জন পরীক্ষার্থী) দশটি স্থান পাইয়াছে রংপুর ও পাবনা ক্যাডেট কলেজ এবং বগুড়া, রংপুর ও কাদিরাবাদ ক্যান্টনমেন্ট স্কুল ও কলেজের পরীক্ষার্থীরা। এই মেধা তালিকায় যেসব বেসরকারী মফস্বল কলেজের পরীক্ষার্থীরা অন্তর্ভুক্ত হইয়াছে সেগুলি হইল রাজশাহীর মচমইল কলেজ, নাটোরের নাজিরপুর কলেজ, গাইবান্ধার গোবিন্দগঞ্জ মহিলা কলেজ, লালমনিরহাটের মজিদা খাতুন মহিলা কলেজ, সিরাজগঞ্জের রায়গঞ্জ বেগম নুরুন্নাহার তর্কবাগিশ কলেজ, রাজশাহীর নবদাশ কলেজ, নাটোরের কলম কলেজ ও রাজশাহীর চারঘাটের আব্দুল হাদি কলেজ।

কমার্স গ্রুপে সম্মিলিত মেধা তালিকায় প্রথম ২০ জনের মধ্যে আটটি স্থান দখল করিয়াছে সৈয়দপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ। যেসব বেসরকারী মফস্বল কলেজের পরীক্ষার্থীরা মেধা তালিকায় রহিয়াছে সেগুলি হইল পাবনার সুজানগর কলেজ, রাজশাহীর দাওকান্দী কলেজ, সিরাজগঞ্জের রায়গঞ্জের বেগম নূরুন্নাহার তর্কবাগিশ কলেজ, টেংলাহাট আরআইএম কলেজ (জেলার নাম উল্লেখ নাই), নাটোরের বনপাড়া কলেজ, পাবনার চাটমোহর কলেজ, নাটোরের খুবজীপুর কলেজ, পাবনার ঈশ্বরদী মহিলা কলেজ ও রাজশাহীর মোহনপুর কলেজ।